গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
(www.bpsc.gov.bd)

# নিয়োগ বিজ্ঞপ্তি

নং-৮০.০০.০০০০.৩০১.০৭৩.০১.২০১৬-৮২
বিজ্ঞপ্তি নং-(২৮-৫৮)/২০১৬

তারিখ ঃ ০৮ জ্যৈষ্ঠ , ১৪২৩
২২ মে, ২০১৬

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা নিম্নলিখিত পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে অন-লাইনে আবেদনপত্র আহবান করছেন ঃ

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম ও সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতক/স্নাতকোত্তর বিষয় কোড | বয়সসীমা ০১.০৫.২০১৬ ইং তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং-২৮ ইউ-২ | "সিস্টেম ম্যানেজার" এর ০১ (এক) টি ৩য় গ্রেডের অস্থায়ী পদ। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। | টাঃ-৫৬,৫০০-৭৪,৪০০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা Computer Science and Engineering (CSE) বা Information and Communication Technology (ICT) সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | (ক) সিস্টেম এনালিস্ট পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা<br>অথবা<br>প্রোগ্রামার পদে ১৫ বৎসরের চাকুরির অভিজ্ঞতা<br>অথবা<br>সিস্টেম এনালিস্ট ও প্রোগ্রামার উভয় পদে অন্যূন ১২(বার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা;<br>তবে পিএইচডি ডিগ্রীধারীদের অন্যূন ০৭(সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতা; | ১১৪<br>১৩২<br>৩০৪<br>৩২৪ | ৪৫ বৎসর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৭১ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) |
| ক্রমিক নং-২৯ ইউ-৬ | "ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার" এর ০১(এক) টি ৪র্থ গ্রেডের স্থায়ী পদ। | নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌ-বাণিজ্য অধিদপ্তর। | টাঃ-৫০,০০০-৭১,২০০/-(জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাধি। | (1) Extra 1st Class Engineer.<br>(2) Cerificate of Competency as 1st Class Marine Engineer. | 2 years experience as Chief Engineer (Total 5 years post certificate experience after 2nd Class). | ৩১১ | ৪৫ বৎসর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৭১ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং-৩০ ইউ-৬ | **"উর্ধ্বতন প্রকৌশলী প্রশিক্ষক"** এর ০১ (এক) টি ৪র্থ গ্রেডের স্থায়ী পদ। | নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমী, চট্টগ্রাম। | টাঃ-৫০,০০০-৭১,২০০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাধি (ক) শোর কম্পেনসেটারী এলাউন্স মাসিক মূল বেতনের ৫০% (খ) মেরিটাইম অন বোর্ড ট্রেনিং এলাউন্স মাসিক মূল বেতনের ৫০% (গ) সার্বক্ষণিক অবস্থানজনিত প্রশিক্ষণ ভাতা মাসিক মূল বেতনের ৫% (ঘ) পারিবারিক চিকিৎসা ভাতা মাসিক ৩০০০/- (ঙ) ইউনিফরম এন্ড ইউনিফরম আপকিফস এলাউন্স মাসিক ১৭০০/- (চ) ডিষ্টার্বেন্স এলাউন্স মাসিক ৩৫০০/- | (১) এক্সট্রা প্রথম শ্রেণির মেরিন প্রকৌশল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। | (১) উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর বিদেশগামী জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে কমপক্ষে ০২ বৎসরের চাকুরি; | ৩১১ | ৪৫ বৎসর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৭১ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) |
| | | | | অথবা (২) প্রথম শ্রেণির মেরিন প্রকৌশল সার্টিফিকেট এবং মেরিন ডিসিপ্লিনে যে কোন ডিগ্রী বা সমমানের সার্টিফিকেট বা ডিগ্রী। | অথবা (২) উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর বিদেশগামী জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে কমপক্ষে ০২ বৎসরের চাকুরী; | | |
| | | | | অথবা (৩) প্রথম শ্রেণির মেরিন প্রকৌশল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। | অথবা (৩) উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর ০৪ বৎসরের অভিজ্ঞতা; তন্মধ্যে বিদেশগামী জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে কমপক্ষে ০২ বৎসরের চাকুরী। | | |
| ক্রমিক নং-৩১ ইউ-৬ | **"প্রকৌশলী প্রশিক্ষক"** এর ০১ (এক) টি ৫ম গ্রেডের স্থায়ী পদ (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত)। | নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমী, চট্টগ্রাম। | টাঃ- ৪৩০০০-৬৯৮৫০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) বিধি অনুযায়ী দেয় অন্যান্য/সুবিধাদি। (ক) শোর কম্পেনসেটারী এলাউন্স মাসিক মূল বেতনের ৫০% (খ) মেরিটাইম অন বোর্ড ট্রেনিং এলাউন্স মাসিক বেতনের ৫০% (গ) সার্বক্ষণিক অবস্থানজনিত প্রশিক্ষণ ভাতা মাসিক মূল বেতনের ৫% (ঘ) পারিবারিক চিকিৎসা ভাতা মাসিক ৩০০০/- (ঙ) ইউনিফরম এন্ড ইউনিফরম আপকিফস এলাউন্স মাসিক ১৭০০/- (চ) ডিষ্টার্বেন্স এলাউন্স মাসিক ৩৫০০/- | (১) প্রথম শ্রেণির প্রকৌশল সার্টিফিকেট এবং মেরিন ডিসিপ্লিনে যে কোন ডিগ্রী বা সমমানের সার্টিফিকেট বা ডিগ্রী | (১) বিদেশগামী জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে কমপক্ষে ০২ বৎসরের চাকুরী; | ৩১১ | ৪৫ বৎসর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৭১ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) |
| | | | | অথবা (২) প্রথম শ্রেণির মেরিন প্রকৌশলী বা সমমানের সার্টিফিকেট। | অথবা (২) সার্টিফিকেট প্রাপ্তির পর ০৩ বৎসরের অভিজ্ঞতা, তন্মধ্যে বিদেশগামী জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে কমপক্ষে ০২ বৎসরের চাকুরী | | |
| | | | | অথবা (৩) দ্বিতীয় শ্রেণীর মেরিন প্রকৌশল বা সমমানের সার্টিফিকেট। | অথবা (৩) দ্বিতীয় শ্রেণীর মেরিন প্রকৌশল বা সমমানের সার্টিফিকেট (মোটরসহ) ০৫ বৎসরের চাকুরী। | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং-৩২ ইউ-৬ | **"নৌ-প্রশিক্ষক"** এর ০২টি ৫ম গ্রেডের স্থায়ী পদ। | নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমী, চট্টগ্রাম। | টাঃ-৪৩,০০০-৬৯,৮৫০/- (জাতীয় বেতন ২০১৫ অনুযায়ী) তৎসহ অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি।<br>ক) শোর কম্পেনসেটারী এলাউন্স মাসিক মূল বেতনের ৫০%<br>খ) মেরিটাইম অন বোর্ড ট্রেনিং এলাউন্স মাসিক মূল বেতনের ৫০%<br>গ) সার্বক্ষণিক অবস্থানজনিত প্রশিক্ষণ ভাতা মাসিক বেতেনের ৫%<br>ঘ) পারিবারিক চিকিৎসা ভাতা ৩০০০/-<br>ঙ) ইউনিফরম এন্ড ইউনিফরম আপকিফস এলাউন্স ভাতা ১৭০০/-<br>(চ) ডিষ্টার্বেন্স এলাউন্স মাসিক ৩৫০০/- | (১) মাষ্টার মেরিনার সার্টিফিকেট এবং মেরিন ডিসিপ্লিনে যে কোন ডিগ্রীসহ বা সমমানের সার্টিফিকেট।<br>অথবা<br>(২) মাষ্টার মেরিনার সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট।<br>অথবা<br>(৩) দ্বিতীয় শ্রেণির ডেক যোগ্যতা সনদ। | (১) বিদেশগামী জাহাজের নায়ক (ক্যাপ্টেন)হিসাবে কমপক্ষে ০২ বৎসরের চাকুরী;<br>অথবা<br>(২) সার্টিফিকেট প্রাপ্তির পর ৩ বৎসরের অভিজ্ঞতা, তন্মধ্যে বিদেশগামী জাহাজের নায়ক (ক্যাপ্টেন) হিসাবে কমপক্ষে ০২ বৎসরের চাকুরী ;<br>অথবা<br>(৩) দ্বিতীয় শ্রেণির ডেক যোগ্যতা সনদসহ ০৫ বৎসরের চাকুরি। | ৩১১ | ৪৫ বৎসর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৭১ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) |
| ক্রমিক নং-৩৩ ইউ-১ | **"সিস্টেম এনালিস্ট"** এর ০১ (এক) টি ৫ম গ্রেডের অস্থায়ী পদ। | রেলপথ মন্ত্রণালয়। | টাঃ- ৪৩,০০০-৬৯,৮৫০/- (জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি। | (a) Master Degree in any subject or B.Sc. in Engineering or Computer Science.<br>(b) Associate Membership of a recognised professional Computer Society. | (a) At least 5 years' experience (2 years in case of Master Degree in Computer Science/ Engineering) as Programmer or Assistant Systems Analyst, relaxable in special cases.<br>(b) Proven ability in Systems Analysts. | ১০১ থেকে ৩৯২ | সর্বোচ্চ ৪০, সর্বনিম্ন ২৯ বছর (জন্ম তা ঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৭৬ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৮৭) |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং-৩৪ ইউ-৭ | " সিস্টেম এনালিস্ট" এর ০১ (এক) টি ৬ষ্ঠ গ্রেডের অস্থায়ী পদ। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। | টাঃ- ৩৫,৫০০-৬৭,০১০/- (জাতীয় বেতন- ২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি। | (a) Master Degree in any subject or B.Sc. in Engineering or Computer Science.<br>(b) Associate Membership of recognised a professional Computer Society. | (a) At least 5 years' experience (2 years in case of Master Degree in Computer Science/ Engineering) as Programmer or Assistant Systems Analyst, relaxable in special cases.<br>(b) Proven ability in Systems Analysts. | ১০১ থেকে ৩৯২ | সর্বোচ্চ ৪০, সর্বনিম্ন ২৯ বছর (জন্ম তা ঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৭৬ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৮৭) |
| ক্রমিক নং-৩৫ ইউ-১ | "ইকনোমিষ্ট" এর ০১(এক) টি ৬ষ্ঠ গ্রেডের স্থায়ী পদ। | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সড়ক ও জনপথ অধিদপ্তর। | টাকা-৩৫,৫০০-৬৭০১০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি বা পরিসংখ্যানে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা ০৪(চার) বৎসর মেয়াদী ২য় শ্রেণির সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। | অর্থনৈতিক পরিকল্পনা প্রণয়ন এবং অর্থনৈতিক গবেষণায় অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। | ১১৮ ১৫৯ | ৩৫ বৎসর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৭১ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |
| ক্রমিক নং-৩৬ ইউ-২ | "সুপারিনটেনডেন্ট" এর ০৪ (চারটি) ৬ষ্ঠ গ্রেডের স্থায়ী পদ। | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র পরিদপ্তর। | টাকা-৩৫,৫০০-৬৭০১০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা টেক্সটাইল টেকনোলজিতে ০৪ (চার) বৎসর মেয়াদী ন্যূনতম প্রথম শ্রেণির স্নাতক ডিগ্রী;<br>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় শ্রেণি বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। | সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। | ৩২০ | সর্বোচ্চ ৩৫ বৎসর। (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮১ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং-৩৭ ইউ-২ | **"নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার"** এর ০২ (দুই) টি ৬ষ্ঠ গ্রেডের অস্থায়ী পদ। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। | টাকা-৩৫,৫০০-৬৭০১০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | (ক) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী প্রোগ্রামার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর, সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা; (খ)Information Technology Engineers Examination (ITEE) বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেয়া হবে। | ১১৪ ১৩২ ৩০৪ ৩২৪ | সর্বোচ্চ ৩৫ বৎসর। (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮১ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) |
| ক্রমিক নং-৩৮ ইউ-২ | **"ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর"** এর ০১ (এক) টি ৬ষ্ঠ গ্রেডের অস্থায়ী পদ। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। | টাকা-৩৫,৫০০-৬৭০১০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণির সমমানের সিজিপিএসহ ০৪ বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | (ক) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী প্রোগ্রামার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর, সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা; (খ) ITEE বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেয়া হবে। | ১১৪ ১৩২ ৩০৪ ৩২৪ | সর্বোচ্চ ৩৫ বৎসর। (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮১ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং-<br>৩৯<br>ইউ-২ | **"ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর"** এর ০১ (এক) টি ৬ষ্ঠ গ্রেডের অস্থায়ী পদ। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। | টাকা-৩৫,৫০০-৬৭০১০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>এবং<br>(খ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | (ক) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী প্রোগ্রামার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর, সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>(খ) ITEE বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেয়া হবে। | ১১৪<br>১৩২<br>৩০৪<br>৩২৪ | সর্বোচ্চ ৩৫ বৎসর।<br>(জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮১ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) |
| ক্রমিক নং-<br>৪০<br>ইউ-২ | **"মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার"** এর ০২ (দুই) টি ৬ষ্ঠ গ্রেডের স্থায়ী পদ। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। | টাকা-৩৫,৫০০-৬৭০১০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>এবং<br>(খ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | (ক) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী প্রোগ্রামার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর, সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>(খ) ITEE বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেয়া হবে। | ১১৪<br>১৩২<br>৩০৪<br>৩২৪ | সর্বোচ্চ ৩৫ বৎসর।<br>(জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮১ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং-<br>৪১<br>ইউ-২ | **"প্রোগ্রামার"** এর ৫৬ (ছাপান্ন) টি ৬ষ্ঠ গ্রেডের অস্থায়ী পদ। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। | টাকা-৩৫,৫০০-৬৭০১০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>এবং<br>(খ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | (ক) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী প্রোগ্রামার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর, সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা;<br>(খ) ITEE বা সমমানের সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেয়া হবে। | ১১৪<br>১৩২<br>৩০৪<br>৩২৪ | সর্বোচ্চ ৩৫ বৎসর।<br>(জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮১ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) |
| ক্রমিক নং-<br>৪২<br>ইউ-১১ | **"অধ্যক্ষ"** এর ০৫(পাঁচ) টি ৬ষ্ঠ গ্রেডের অস্থায়ী পদ। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো। | টাকা-৩৫,৫০০-৬৭০১০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | (a) A degree in Mechanical, Electrical or Civil Engineering from a recognised University<br>or<br>(b)A Certificate of having passed sections A and B of the Institute of Engineers (Bangladesh)<br>or<br>(c)A diploma in Mechanical, Civil or Power Engineering | (a)At least 3 year's Industrial or teaching or training experience.<br>or<br>(b)At least 3 year's Industrial or teaching or training experience.<br>or<br>(c) At least 10 year's Industrial or teaching or training experience. | ৩১২<br>৩০৫<br>৩০৩<br>৩০৬<br>৩২৬ | ৪০ বছরের উর্দ্ধে নহে (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৭১ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) সরকারি চাকুরীতে নিয়োজিত প্রার্থীগণের জন্য বয়সসীমা ৫ বছর শিথিলযোগ্য। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং-<br>৪৩<br>ইউ-২ | "প্রযোজক" (বার্তা) (গ্রেড-২) এর ০২(দুই)টি ৯ম গ্রেডের (০১টি মুক্তিযোদ্ধা কোটা এবং ০১টি সাধারণ কোটা) স্থায়ী পদ। | তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশন। | টাকা-২২,০০০-৫৩০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী)<br>তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিষয়ে কমপক্ষে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। | - | ১৩৩ | সাধারণ কোটার প্রার্থীদের অনূর্ধ্ব ৩০ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৬ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৪ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮)। |
| ক্রমিক নং-<br>৪৪<br>ইউ-২ | "সহকারী পরিচালক" এর ০১(এক)টি ৯ম গ্রেডের (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) স্থায়ী পদ। | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন পাট অধিদপ্তর। | টাকা-২২,০০০-৫৩০৬০/-(জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী)<br>তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ১ম শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রী বা ২য় শ্রেণির সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী বা ০৪(চার) বৎসর মেয়াদী ন্যূনতম দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী;<br>অথবা<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে জুট বা টেক্সটাইল টেকনোলজিতে অন্যূন ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী। | - | ১০১ থেকে ৩৯২ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩০ বছর(জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৬ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) এবং মুক্তিযোদ্ধার সন্তানদের অনূর্ধ্ব ৩২ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৪ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) |
| ক্রমিক নং-<br>৪৫<br>ইউ-২ | "শিল্প নির্দেশক/গ্রাফিক শিল্প নির্দেশক/ দৃশ্যপটকার (গ্রেড-২)" এর ০৩ (তিন) টি ৯ম গ্রেডের স্থায়ী পদ। | তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশন। | টাকা-২২,০০০-৫৩০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী)<br>তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | (ক) কোন বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে এম.এফ.এ ডিগ্রী<br>অথবা<br>(খ) কোন বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে বি.এফ.এ ডিগ্রী । | বি.এফ.এ ডিগ্রীধারীদের ক্ষেত্রে ০২(দুই) বছরের অভিজ্ঞতা | ১২২ | অনূর্ধ্ব ৩৫ বৎসর।<br>(জন্ম তারিখ সর্বোচ্চ ০২.০৫.১৯৮১এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং-৪৬ ইউ-২ | **"টেলিভিশন প্রকৌশলী"** (গ্রেড-২) এর ০১ (এক) টি ৯ম গ্রেডের (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) স্থায়ী পদ। | তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশন। | টাকা-২২,০০০-৫৩০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/মাইক্রোওয়েভ ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রী অথবা কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা/ফলিত পদার্থ বিদ্যায় প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। | - | ৩০৫ ৩০৬ ৩০৭ ৩২৫ ১০৪ ১৪৭ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৬ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৪ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) |
| ক্রমিক নং-৪৭ ইউ-২ | **"চিত্র গ্রাহক"** (গ্রেড-২) এর ৯ম গ্রেডের ০৩ (তিন) টি (০২টি মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিতএবং ০১ টি সাধারণ কোটা) স্থায়ী পদ। | তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশন | টাকা-২২,০০০-৫৩০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | কোন স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রি। | ০২(দুই) বছরের অভিজ্ঞতা। | ১০১ থেকে ৩৯২ | সাধারণ কোটার প্রার্থীদের অনূর্ধ্ব ৩০ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৬ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৪ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮)। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং-<br>৪৮<br>ইউ-১১ | **"সহকারী পরিচালক"** (৯ম গ্রেডের) এর ০১(এক)টি স্থায়ী পদ। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষন ব্যুরো। | টাকা-২২,০০০-৫৩০৬০/-<br>(জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী)<br>তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | Second class Master's degree in Economics or Statistics or Social Welfare or Psychology or in any subject of Social Science from a recognised University or four Year's Honours degree in relevent subject. | - | ১১৮<br>১৫৯<br>১৪৯<br>১৫৬<br>১৫৭ | সর্বোচ্চ ৩৫ বৎসর। (জন্ম তারিখ সর্বোচ্চ ০২.০৫.১৯৭৬ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) সরকারি চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। |
| ক্রমিক নং-<br>৪৯<br>ইউ-১১ | **" উপ-সহকারী পরিচালক"** (১০ম গ্রেডের) এর ২০(বিশ)টি স্থায়ী পদ। | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষন ব্যুরো। | টাকা-১৬,০০০-৩৮৬৪০/-<br>(জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী)<br>তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | At least second class or Division Bachelor's degree from a recognised University. | - | ১০১<br>থেকে<br>৩৯২ | সর্বোচ্চ ৩০ বছর। (জন্ম তাঃ সর্বোচ্চ ০২/০৫/১৯৮১ এবং সর্বনিম্ন ০২/০৫/১৯৯৮) সরকারি চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং-<br>৫০<br>ইউ-৭ | **"ডিজাইনার"** এর ০১ (এক) টি ১০ গ্রেডের স্থায়ী পদ। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন প্রত্নতত্ত্ব অধিদপ্তর। | টাকা-১৬,০০০-৩৮৬৪০/-(জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | Bachelor's Degree in Fine Art/Commercial Art. | Experience in Book cover and poster design preferred. | ১২২ | সাধারণ কোটার প্রার্থীদের অনূর্ধ্ব ৩০ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৬ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৪ সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮)। |
| ক্রমিক নং-<br>৫১<br>ইউ-৩ | **"এক্সামিনার অব একাউন্টস"** এর ০১টি ১০ম গ্রেডের অস্থায়ী পদ। | বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর। | টাকা-১৬,০০০-৩৮৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ'তে স্নাতক বা সমমানের ডিগ্রি; অথবা স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি। | - | ১০১<br>১০৯<br>১২১<br>১৩৭<br>১৩৮<br>১১২ | সাধারণ কোটার প্রার্থীদের অনূর্ধ্ব ৩০ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৬ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৪এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮)। |
| ক্রমিক নং-<br>৫২<br>ইউ-২ | **"প্রশাসনিক কর্মকর্তা"** এর ০১ (এক) টি ১০ম গ্রেডের অস্থায়ী পদ। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। | টাকা-১৬,০০০-৩৮৬৪০/- (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে; | ১০১<br>থেকে<br>৩৯২ | সাধারণ কোটার প্রার্থীদের অনূর্ধ্ব ৩০ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৬ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৪ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮)। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং-<br>৫৩<br>ইউ-২ | **"হিসাব রক্ষণ কর্মকর্তা"** এর ০১ (এক) টি ১০ম গ্রেডের অস্থায়ী পদ। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। | টাকা-১৬,০০০-৩৮৬৪০/-<br>(জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী)<br>তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বা ব্যবসায় প্রশাসনে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪ বছর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কোনো পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণি সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে; | ১০১<br>১১২<br>১০৯<br>১২১<br>১৩৭<br>১৩৮ | সাধারণ কোটার প্রার্থীদের অনূর্ধ্ব ৩০ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৬ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৪ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮)। |
| ক্রমিক নং-<br>৫৪<br>ইউ-২ | **"ডাটা এ্যান্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার"** এর ০২ (দুই) টি ১০ম গ্রেডের অস্থায়ী পদ। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। | টাকা-১৬,০০০-৩৮৬৪০/-<br>(জাতীয় বেতনস্কেল২০১৫ অনুযায়ী)<br>তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বা CSE বা ICT সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রী; | স্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেস্টে উত্তীর্ণ হতে হবে। | ১১৪<br>১৩২<br>৩০৪<br>৩২৪ | সাধারণ কোটার প্রার্থীদের অনূর্ধ্ব ৩০ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৬ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮) এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮৪ এবং সর্বনিম্ন ০২.০৫.১৯৯৮)। |
| ক্রমিক নং-<br>৫৫<br>ইউ-৭ | **"উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রনিক্স)"** এর ০১ (এক) টি ১০ গ্রেডের স্থায়ী পদ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল ইলেকট্রো - মেডিকেল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কসপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি) | টাকা-১৬,০০০-৩৮৬৪০/-<br>(জাতীয়বেতনস্কেল২০০৯ অনুযায়ী)<br>তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | Diploma in Equipment Repair and Maintenance<br>or<br>Diploma in Electronics Engineering. | 05 years experience in the relevant field for both cases. | ১৭<br>১৬ | Not exceeding 30 years (Date of Birth 02/05/1986 to 02/05/1998)<br>F.F. 02/05/1984 to 02/05/1998)<br>Relaxable incase of Departmental Candidates. |
| ক্রমিক নং-<br>৫৬<br>ইউ-৭ | **"উপ-সহকারী মেরামত প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)"** এর ০১ (এক) টি ১০ গ্রেডের স্থায়ী পদ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল ইলেকট্রো- মেডিকেল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কসপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি) | টাকা-১৬,০০০-৩৮৬৪০/-<br>(জাতীয় বেতনস্কেল-২০০৯ অনুযায়ী)<br>তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | Diploma in Equipment Repair and Maintenance<br>or<br>Diploma in Electrical Engineering. | 05 years experience in the relevant field for both cases. | ১৭<br>১৫ | Not exceeding 30 years (Date of Birth 02/05/1986 to 02/05/1998)<br>F.F. 02/05/1984 to 02/05/1998)<br>Relaxable incase of Departmental Candidates. |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং-<br>৫৭<br>ইউ-৭ | **"উপ-সহকারী মেরামত প্রকৌশলী (রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন)"** এর ০১ (এক) টি ১০ গ্রেডের স্থায়ী পদ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কসপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি) | টাকা-১৬,০০০-৩৮৬৪০/-<br>(জাতীয় বেতনস্কেল-২০০৯ অনুযায়ী)<br>তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | Diploma in Equipment Repair and Maintenance<br>or<br>Diploma in Mechanical Engineering. | 05 years experience in the relevant field for both cases. | ১৭<br>১৩ | Not exceeding 30 years (Date of Birth 02/05/1986 to 02/05/1998)<br>F.F. 02/05/1984 to 02/05/1998)<br>Relaxable incase of Departmental Candidates. |
| ক্রমিক নং-<br>৫৮<br>ইউ-৩ | **"ম্যানেজার (প্রেস)"** এর ০১ (এক)টি ১০ম গ্রেডের স্থায়ী পদ। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনস্থ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর। | টাকা-১৬,০০০-৩৮৬৪০/-<br>(জাতীয় বেতনস্কেল-২০০৯ অনুযায়ী)<br>তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | (১) গ্রাফিক আর্ট ইনস্টিটিউট অথবা সমপর্যায়ের কোন ইনস্টিটিউটের মুদ্রণে ডিপ্লোমাধারী<br>অথবা<br>(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী। | (১) প্রথম শ্রেণির প্রেসে ০২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>অথবা<br>(২) প্রথম শ্রেণির প্রেসে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা। | - | অনূর্ধ্ব ৩৩, সর্বনিম্ন ১৮ বছর বছর (জন্ম তাঃ সর্বোচ্চ ০২.০৫.১৯৮১ এবং সর্বনিম্ন ০২/০৫/১৯৯৮)<br>বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। |

বিশেষ দ্রষ্টব্য ঃ-

**শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী এক বা একাধিক পদে রেজিস্ট্রেশন করা যাবে। একাধিক পদে রেজিস্ট্রেশন করলে প্রতিটি পদের জন্য আলাদা আলাদা রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে।**

১। অন-লাইনে আবেদনপত্র (বিপিএসসি ফর্ম-5A) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময় ঃ

(ক) প্রার্থীকে টেলিটকের Web address ঃ http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web address ঃ www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র বিপিএসসি 'ফর্ম-5A' পূরণ করে Online Registration কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইট ওপেন করে Non-Cadre অপশন Select করে ক্লিক করলে নন-ক্যাডার বিভিন্ন পদের Advertisement, Instructions for Submitting Application এর রেডিও বাটন দৃশ্যমান হবে। ফর্ম পূরণের পূর্বে প্রার্থী অবশ্যই Instructions এবং বিজ্ঞপ্তি Download করে প্রতিটি নির্দেশনা ভালো করে আয়ত্ত করে নিবেন।

(খ) আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় ঃ ২৪/০৫/২০১৬ খ্রিঃ ,দুপুর ১২.০০টা।

(গ) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ২২/০৬/২০১৬ খ্রিঃ, সন্ধ্যা ৬.০০টা।

(ঘ) শুধু মাত্র USER ID প্রাপ্ত প্রার্থীগণ USER ID প্রাপ্তির পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। বয়সসীমা ঃ ০১/০৫/২০১৬ খ্রিঃ তারিখে বয়স ঃ

ক) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বিজ্ঞপ্তিতে উল্লিখিত বয়সসীমা প্রযোজ্য হবে।

খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩২ বছর (জন্ম তারিখ সর্বোচ্চ ০২/০৫/১৯৮৪ খ্রিঃ) পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩০ বছর।

গ) যে সকল পদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩০ বছরের উর্ধ্বে সে সকল পদের ক্ষেত্রে অনুচ্ছেদ ২ (খ) প্রযোজ্য হবে না।

৩। জাতীয়তাঃ-

ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) যে সকল প্রার্থী কোনো অ-বাংলাদেশী নাগরিককে বিবাহ করেছেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। সরকারের অনুমতিপত্র লিখিত পরীক্ষার পর বিপিএসসি ফর্ম-৩ এর সাথে অবশ্যই দিতে হবে।

৪। ডিক্লারেশন ঃ

প্রার্থীকে অন-লাইন আবেদনপত্রের (বিপিএসসি ফর্ম-5A) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীতব্য যে কোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৫। ছবি (Picture) ঃ BPSC Form-5A সাফল্যজনকভাবে পূরণ সম্পন্ন হলে Application preview দেখা যাবে। Preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×300 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 100 KB এর বেশি নয় এরূপ মাপের নিজের সদ্য(দুই মাসের মধ্যে) তোলা রঙ্গীন ছবি Scan করে jpg format এ upload করতে হবে। সাদাকালো ও পুরাতন ছবি গ্রহণযোগ্য নয়। ছবি উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল হবে। সান গ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home page এর Help Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

৬। স্বাক্ষর (Signature) ঃ Application Preview তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×80 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 100 KB এর বেশি নয়, এরূপ মাপের প্রার্থীর স্বাক্ষর Scan করে jpg format এ upload করতে হবে। স্বাক্ষর উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

পরীক্ষার ফি প্রদান ঃ

৭। Online এ আবেদনপত্র (BPSC Form-5A) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশমতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বর থেকে **SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা জমা দিবেন** ।

প্রথম SMS ঃ BPSC<space>User ID লিখে send করুন 16222 নম্বরে ।

Example : BPSC NCRPQBCR send to 16222

Reply: Applicant's Name, Tk-500 will be charged as application fee. Your PIN is (8 digit number). To pay fee Type BPSC<space>Yes<space>PIN and send to 16222

দ্বিতীয় SMS ঃ BPSC<space>yes<space> pin লিখে send করুন 16222 নম্বরে।

Example : BPSC YES (8 digit number) send to 16222

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for Non-cadre examination. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

বিঃদ্রঃ- If password is lost, please type BPSC<Space> HELP<Space> SSC Board<Space> SSC Roll<Space>SSC Year and Send to 16222. অথবা টেলিটকের বর্ণিত ওয়েব সাইটে Home page এর Admit Card Menu তে ক্লিক করলে User Recovery, Password Recovery ও Payment Status বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে।

৮। (ক) প্রবেশপত্র (Admit Card) ঃ প্রার্থী তার User ID এবং Password ব্যবহার করে ছবি ও রেজিঃ নম্বর সম্বলিত প্রবেশপত্র (Admit Card) download করতে পারবেন।

(খ) বিজ্ঞাপনে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা না থাকলে কোন প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। কোন প্রার্থী পরীক্ষার ফি জমা দিয়ে Admit card পাওয়ার পর একাধিকবার Online এ Application form জমা দিতে পারবেন না। কোন প্রার্থী Online এ আবেদন ফর্ম পূরণ করে ফি জমাদান সম্পন্ন করলে তার আবেদন চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে। প্রার্থী মিথ্যা/ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফর্ম পূরণ করে একাধিক Admit card গ্রহণ করলে এবং প্রক্রিয়ায়ণের যে কোন স্তরে জালিয়াতি প্রমাণিত হলে এরূপ প্রার্থীর সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে এবং উক্ত প্রার্থী ভবিষ্যতে সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবে এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৯। বিপিএসসি ফর্ম-৩ প্রাপ্তি ঃ প্রিলিমিনারি টেস্ট/লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং উচ্চতর স্কেলের প্রার্থীগণ কমিশনের ওয়েবসাইট **www.bpsc.gov.bd** থেকে বিপিএসসি ফর্ম-৩ **download** করে যথাযথভাবে পূরণপূর্বক মৌখিক পরীক্ষার পূর্বে কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে এবং স্থানে জমা দিবেন।

(১) শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য ঃ শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ/ডিপ্লোমা/ডিগ্রীর মূল/সাময়িক সনদ এর সত্যায়িত ফটোকপি । মূল সনদ প্রদানে অপারগ হলে সাময়িক সনদ গৃহীত হবে । শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় বা সর্বশেষ পরীক্ষার মার্কসীট প্রাথমিকভাবে গ্রহণযোগ্য হবে তবে সাক্ষাৎকার বোর্ডে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে। চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/মার্কসীট/টেস্টিমোনিয়াল-এ যদি ৪ বছর মেয়াদের সুস্পষ্ট উল্লেখ না থাকে সেক্ষেত্রে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্টার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে।

(২) বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের সনদের সত্যায়িত কপি। "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সম্বলিত দালিলিক প্রমাণ। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(৩) ক) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬-০২-২০০২ তারিখের মুঃবিঃম/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি।

অথবা

১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০১-২০১১ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.০২৪.২০১০-২৬ নং সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র ও কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র ও কন্যাগণ মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবেন। তবে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ২টি সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

গ) মুক্তিযোদ্ধা সনদ হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্র প্রাথমিকভাবে গ্রহণ করা হবে। তবে মৌখিক পরীক্ষার সময় প্রার্থী কর্তৃক অবশ্যই মূল সনদ উপস্থাপন করতে হবে এবং উক্ত সনদের একটি সত্যায়িত কপি কমিশনে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। উল্লেখ্য মুক্তিযোদ্ধা প্রার্থী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সঠিক সনদপত্র উপস্থাপনে ব্যর্থ হলে মুক্তিযোদ্ধা প্রার্থী হিসেবে প্রার্থিতা বাতিল হবে।

(৪) প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি।

(৫) বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি।

(৬) সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত ফটোকপি।

(৭) সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত কপি।

(৮) আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি।

(৯) প্রিলিমিনারি/লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং উচ্চতর স্কেলে রেজিস্ট্রেশনকৃত যে সকল প্রার্থী বিপিএসসি ফর্ম-৩ নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হবেন তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং তারা লিখিত পরীক্ষায়/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

বিঃদ্রঃ-বিপিএসসি ফর্ম-৩ পুঙ্খানুপুঙ্খ যাচাইয়ের পর শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১০। (ক) অন-লাইন আবেদনপত্রের (BPSC Form-5A) প্রথম অংশের স্থায়ী ঠিকানার (Permanent Address) district এর ঘরে এবং পরবর্তী বিপিএসসি ফর্ম-৩ এর স্থায়ী ঠিকানার (Permanent Address) নির্ধারিত স্থানে উল্লিখিত স্থায়ী জেলা এক এবং অভিন্ন হতে হবে এবং উক্ত জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে তাঁকে চাকুরিতে মনোনয়নের জন্য বিবেচনা করা হবে। এক্ষেত্রে ভুল তথ্য প্রদানের জন্য প্রার্থিতা/মনোনয়ন বাতিল হবে। BPSC Form-5A এবং পরবর্তীতে প্রদত্ত বিপিএসসি ফর্ম-৩ তে প্রদত্ত তথ্যে অসঙ্গতি থাকলে BPSC Form-5A এর তথ্য সঠিক হিসেবে পরিগণিত হবে।

(খ) প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলাগণের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরচেয়ারম্যান/মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র লিখিত পরীক্ষার পূর্বে কমিশন কর্তৃক সরবরাহকৃত বিপিএসসি ফর্ম-৩ এর সাথে জমা দিতে হবে।

১১। প্রার্থীকে কেবল কমিশনের অনুমোদিত অন-লাইন আবেদনপত্র (BPSC Form-5A) পূরণ করে রেজিস্ট্রেশন করতে হবে। মুদ্রিত আবেদনপত্র জমাদানের কোন সুযোগ নেই।

১২। প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লিখা আছে অন-লাইন আবেদনপত্রে (BPSC Form-5A) এবং পরবর্তীতে বিপিএসসি ফর্ম-৩ তে ঠিক সেভাবে লিখতে হবে।

**১৩। যে সকল পদের ক্ষেত্রে বিজ্ঞাপনের চাহিদা অনুযায়ী প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ডিপ্লোমা ডিগ্রি সে ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি থাকলেও আবশ্যিকভাবে ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে।**

১৪। শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক শারীরিক প্রতিবন্ধী সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। কোন প্রতিবন্ধী প্রার্থী শ্রুতিলেখকের জন্য আবেদন করলে যিনি প্রতিবন্ধী পরীক্ষার্থীকে সহায়তা করবেন তার ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, শ্রুতিলেখক বর্তমানে অধ্যায়নরত থাকলে সে বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয়পত্র ও প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি, শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারী প্রত্যয়নপত্র ইত্যাদি জমা দিতে হবে।

**১৫। যে কোন পর্যায়ে গুরুতর (Substantive) ত্রুটি ধরা পড়লে প্রার্থিতা বাতিল হবে।**

১৬। **প্রিলিমিনারি টেস্ট ঃ** কোন পদের আবেদনকারীর সংখ্যা ১০০০ এর অধিক হলে প্রিলিমিনারি টেস্ট গ্রহণ করা হবে। প্রিলিমিনারি টেস্টের তারিখ, সময় ও আসনব্যবস্থা যথাসময়ে পিএসসি'র ওয়েবসাইটসহ জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

**প্রিলিমিনারি টেস্টের ক্ষেত্রে ঃ**

(ক) প্রার্থীদেরকে ১০০ (একশত) নম্বরের Multiple Choice Question (MCQ) type পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কম্পিউটারের মাধ্যমে উত্তরপত্র মূল্যায়ন করা হবে।

(খ) পরীক্ষায় মোট ১০০ (একশত)টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর পাবেন, ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে। পরীক্ষার পূর্ণ সময় ১ ঘন্টা। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান, গণিত ও দৈনন্দিন বিজ্ঞান বিষয়সমূহের উপর প্রশ্ন করা হবে।

(গ) প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

(ঘ) উত্তরপত্রে প্রশ্নপত্রের যে সেট নম্বর লেখা থাকবে, প্রার্থীকে অবশ্যই সেই সেটের প্রশ্নের উত্তর দিতে হবে, ভিন্ন সেটের প্রশ্নের উত্তর দিলে উত্তরপত্র বাতিল হবে।

১৭। **লিখিত পরীক্ষার ক্ষেত্রে ঃ** কোন পদের আবেদনকারীর সংখ্যা অনধিক ১০০০ হলে প্রিলিমিনারি টেস্ট ব্যতীত সরাসরি লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বিপিএসসি ফরম-৩ যথাযথভাবে পূরণ করে বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী সকল কাগজপত্র কমিশনের প্রধান কার্যালয়, ঢাকায় জমা দিতে হবে অথবা ডাকযোগে প্রেরণ করতে হবে। খামের উপরে আবেদনকৃত পদের নাম, দপ্তরের নাম ও রেজিঃ নম্বর অবশ্যই লিখতে হবে। লিখিত পরীক্ষার জন্য প্রার্থীর সংখ্যা, লিখিত পরীক্ষার তারিখ, সময় ও আসনব্যবস্থা যথাসময়ে পিএসসি'র ওয়েবসাইটসহ জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

নন-ক্যাডার ৯ম ও ১০ম গ্রেডের টেকনিক্যাল এবং নন-টেকনিক্যাল (সাধারণ) পদসমূহে নিয়োগের জন্য লিখিত, বাছাই ও ব্যবহারিক পরীক্ষার সিলেবাসসমূহ ঃ

১৮।

(১) (ক) নন-ক্যাডার ৯ম ও ১০ম গ্রেডের টেকনিক্যাল পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষার বিষয় ভিত্তিক নম্বর বন্টন ও পরীক্ষার সময়ঃ

| ক্রমিক নং | বিষয় | নম্বর | পাশ নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১) | বাংলা | ৫০ | সামগ্রিকভাবে ৪৫% ও টেকনিক্যাল বিষয়ে ২৫% | ৩ ঘন্টা |
| ২) | ইংরেজী | ৫০ | | |
| ৩) | সাধারণ জ্ঞান | ৪০ | | |
| ৪) | প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয় | ৬০ | | |
| | মোট = | ২০০ | | |

(খ) নন-ক্যাডার ৯ম ও ১০ম গ্রেডের নন-টেকনিক্যাল পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষার বিষয় ভিত্তিক নম্বর বন্টন ও পরীক্ষার সময়ঃ

| ক্রমিক নং | বিষয় | নম্বর | পাশ নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১) | বাংলা | ৫০ | সামগ্রিকভাবে ৪৫% | ৩ ঘন্টা |
| ২) | ইংরেজী | ৫০ | | |
| ৩) | সাধারণ জ্ঞান | ৪০ | | |
| ৪) | গণিত ও মানসিক দক্ষতা | ৬০ | | |
| | মোট = | ২০০ | | |

(গ) নন-ক্যাডার ৯ম ও ১০ম গ্রেডের টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল পদে সরাসরি নিয়োগের জন্য মৌখিক পরীক্ষার নম্বর ও পাশ নম্বরঃ

| ক্রমিক নং | বিষয় | নম্বর | পাশ নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১। | ৯ম গ্রেড (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল) | ১০০ | ৪০% | - |
| ২। | ১০ গ্রেড (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল) | ৫০ | ৪০% | - |

(২) নন-ক্যাডার ৯ম ও ১০ম গ্রেডের টেকনিক্যাল পদের প্রার্থীদের অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে ২৫% নম্বর পেতে হবে। কোন প্রার্থী টেকনিক্যাল বিষয়ে ২৫% এর কম পেলে উক্ত প্রার্থী লিখিত পরীক্ষায় সামগ্রিকভাবে অকৃতকার্য বলে গণ্য হবে।

(৩) নন-ক্যাডার ৯ম ও ১০ম গ্রেডের সাধারণ ও টেকনিক্যাল পদে লিখিত পরীক্ষায় পাশ নম্বর গড়ে ৪৫% এবং মৌখিক পরীক্ষায় পাশ নম্বর গড়ে ৪০%। লিখিত পরীক্ষায় কোন বিষয়ে ২৫% নম্বরের কম পেলে প্রার্থী উক্ত বিষয়ে কোন নম্বর পাননি মর্মে গণ্য হবে। তবে সাধারণ পদের জন্য কোন প্রার্থী কোন বিষয়ে ২৫% এর কম নম্বর পাওয়ার পরও অন্যান্য বিষয়ে সামগ্রিকভাবে ৪৫% নম্বর পেলে উক্ত প্রার্থীকে লিখিত পরীক্ষায় কৃতকার্য হিসেবে গণ্য করা হবে। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় আলাদাভাবে পাশ করতে হবে। অন্যথায় প্রার্থী সামগ্রিকভাবে অকৃতকার্য বিবেচিত হবেন।

(৪) নন-ক্যাডার ৯ম ও ১০ম গ্রেডের টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল পদে সরাসরি নিয়োগের জন্য বাছাই (MCQ Type) পরীক্ষার বিষয় ভিত্তিক নম্বর বন্টন ও পরীক্ষার সময়ঃ

| ক্রমিক নং | বিষয় | নম্বর | সময় |
|---|---|---|---|
| ১) | বাংলা | ২৫ | ১ ঘন্টা |
| ২) | ইংরেজী | ২৫ | |
| ৩) | গণিত ও দৈনন্দিন বিজ্ঞান | ২৫ | |
| ৪) | সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলী) | ২৫ | |
| | মোট = | ১০০ | |

ব্যতিক্রম ঃ

(ক) সচিবালয়ের "প্রশাসনিক কর্মকর্তা" ও "ব্যক্তিগত কর্মকর্তা" পদে নিয়োগের জন্য পৃথক নিয়োগ বিধিমালা থাকায় এ নিয়ম তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

(১) প্রশাসনিক কর্মকর্তা (১০ম গ্রেড) পদসমূহে নিয়োগ পরীক্ষার (লিখিত) বিষয়, নম্বর ও সময় ঃ-

| ক্রমিক নং | পরীক্ষা নাম | বিষয় | নম্বর | পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|---|
| ১। | লিখিত | বাংলা | ৭৫ | ৫০% | ৩ ঘন্টা |
| | | ইংরেজী | ৭৫ | | |
| | | সাধারণ জ্ঞান | ২৫ | | |
| | | গণিত | ২৫ | | |
| ২। | মৌখিক | - | ২৫ | | |
| | | সর্বমোট = | ২২৫ | | |

বিঃদ্রঃ (ক) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

(খ) কম্পিউটারে Word Processing এর অভিজ্ঞতা থাকতে হবে।

(২) ব্যক্তিগত কর্মকর্তা (১০ম গ্রেড) পদসমূহে সরাসরি নিয়োগ পরীক্ষার (লিখিত) বিষয়, নম্বর ও সময় ঃ-

(ক) লিখিত ও মৌখিক পরীক্ষা ঃ-

| ক্রমিক নং | পরীক্ষা নাম | বিষয় | নম্বর | পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|---|
| ১। | লিখিত | বাংলা | ৩০ | ৫০% | ৯০ মিনিট |
| | | ইংরেজী | ৩০ | | |
| | | সাধারণ জ্ঞান | ২০ | | |
| | | গণিত | ২০ | | |
| ২। | মৌখিক | - | ১০ | | |

সর্বমোট = ১১০

(খ) সাঁটলিপি ও মুদ্রাক্ষর গতি পরীক্ষা ঃ

| বিষয় | ইংরেজীতে সর্বনিম্নগতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্নগতি (প্রতি মিনিটে) | ইংরেজী পরীক্ষার মোট নম্বর | বাংলা পরীক্ষার মোট নম্বর |
|---|---|---|---|---|
| সাঁট-লিপি | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ |
| মুদ্রাক্ষর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ |

বিঃ দ্রঃ - (১) লিখিত পরীক্ষা এবং ২(খ) এ বর্ণিত সাঁটলিপি, মুদ্রাক্ষর, কম্পিউটার এ্যাপটিটিউট টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবে।

(২) কম্পিউটারে Word Processing সহ e-mail ও Fax পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।

১৯। **লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd-এ পাওয়া যাবে।**

২০। **লিখিত পরীক্ষার উত্তরদানের ভাষা ঃ** বাংলা, ইংরেজী ও অন্যান্য ভাষা সম্পর্কিত বিষয়ের প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট ভাষাতেই লিখতে হবে। অন্যান্য বিষয়ের প্রশ্নের উত্তর বাংলা বা ইংরেজী-এর যে কোন একটিতে লিখা যাবে। একটি বিষয়ের উত্তরে উভয় ভাষা ব্যবহার করা যাবে না (Technical শব্দসমূহ ইংরেজীতে লেখা যাবে)। কোন বিষয়ের প্রশ্নপত্রে অন্য কোনরূপ নির্দেশ থাকলে উক্ত বিষয়ের ক্ষেত্রে ঐ নির্দেশ অনুযায়ী প্রশ্নোত্তর লিখতে হবে।

২১। **পরীক্ষার কেন্দ্রসমূহ ঃ** প্রার্থী অন-লাইন আবেদনপত্রের (BPSC Form-5A) Exam centre এর ঘরে যে পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ করবেন তাকে সে কেন্দ্রেই পরীক্ষা দিতে হবে। প্রিলিমিনারি অবজেকটিভ টেস্ট/লিখিত পরীক্ষা ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর কেন্দ্রে অনুষ্ঠিত হবে। তবে প্রার্থী কর্তৃক প্রার্থিত কোন কেন্দ্রে প্রিলিমিনারি টেস্ট/লিখিত পরীক্ষা অনুষ্ঠান সম্ভব না হলে কমিশন কর্তৃক নির্ধারিত অন্য কোন কেন্দ্রে প্রার্থীকে প্রিলিমিনারি টেস্ট/লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেন্দ্র পরিবর্তনের কোন আবেদন গ্রহণ করা হবে না।

২২। **এই বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত আরোপ করা হয়েছে তা আবেদনপত্র (BPSC Form-5A ও BPSC Form-3) এর কোন শর্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তবে কোন বিষয় অনুল্লিখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করবে।**

২৩। **প্রার্থীকে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে অতিরিক্ত ০১(এক) সেট বিপিএসসি ফরম-৩ যথাযথভাবে পূরণ করে শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি, অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিতে হবে। প্রত্যেক ডকুমেন্টের উপর রেজিঃ নম্বর অবশ্যই লিখতে হবে।**

২৪। মৌখিক পরীক্ষা গ্রহণের সময় শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত মূল অথবা সাময়িক সনদের মূল কপি অবশ্যই দাখিল করতে হবে। সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/স্থানীয় সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে বিপিএসসি ফরম-৩ এর সাথে সংযুক্ত ছাড়পত্রের ফরমে নিয়োগকারী কর্তৃপক্ষের সীল, স্বাক্ষর গ্রহণ করে এর মূল কপি এবং সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। উল্লেখ্য, প্রিলিমিনারি/ লিখিত/মৌখিক পরীক্ষা একই প্রবেশপত্রের মাধ্যমে গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে প্রার্থীদের নামে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না ।

২৫। প্রার্থীদের অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য BPSC এর ওয়েবসাইট নিয়মিতভাবে Visit করতে হবে। এছাড়া কর্ম কমিশন সচিবালয়ে অফিস চলাকালীন সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত ৫৫০০৬৬৫৭ এবং ৫৫০০৬৮৩৪ টেলিফোন নম্বরে যোগাযোগ করে তথ্য জানা যাবে। কর্ম কমিশনের কোন বার্তা প্রার্থীদের নিকট TBL এর ০১৫৫০১৫৫৫৫৫ এই নম্বর থেকে প্রেরিত হবে। অন্য কোন নম্বর থেকে প্রেরিত হবে না।

২৬। **নতুন পদ সৃষ্টি, পদোন্নতি, অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপসারণ ইত্যাদি জনিত কারণে পদসংখ্যা বাড়ানো হতে পারে।**

২৭। বিজ্ঞপ্তি ও ফরম পূরণের নির্দেশাবলী টেলিটকের http://bpsc.teletalk.com.bd এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

**শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

**পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।**

**চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে ।**

২২.০৫.২০১৬

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)